দৈনিক বাংলা

তারিখ 24 NOV 1986
পৃষ্ঠা ... ৪ কলাম ৪ ...

005

## দূরশিক্ষণ ও গণশিক্ষা কর্মসূচী

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ সাক্ষরতা সমিতি নিরক্ষর জনগোষ্ঠীর জন্যে অনানুষ্ঠানিক দূর শিক্ষণ ও গণশিক্ষা কর্মসূচী নামে একটি প্রকল্প তৈরী করেছে। শিক্ষার সুযোগ থেকে বঞ্চিতদের শিক্ষা গ্রহণের সুযোগ দেয়া এবং নাগরিক ও গ্রামীন জনগোষ্ঠী শিক্ষিত ও নিরক্ষর জনগণের মাঝে যোগাযোগ ও ভাবের আদান-প্রদানের ক্ষেত্রে বিরাজমান বৈষম্য নিরসন করাই এ প্রকল্পের উদ্দেশ্য।

গতকাল রোববার জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সাক্ষরতা সমিতির মহাসচিব জনাব মোহাম্মদ ওসমান গনি উল্লিখিত প্রকল্পের কথা জানান। তিনি কর্মসূচীর উদ্দেশ্য, পাঠ্যসূচী নিয়মাবলী মাধ্যম সমূহের ব্যাখ্যা দেন। তিনি বলেন, স্থানীয়ভাবে গণপাঠ কেন্দ্র ও ক্ষুদ্র শিক্ষার্থী দল গঠনের মাধ্যমে ১১ থেকে ৪৫ বছর বয়সসীমার নিরক্ষরদের মধ্যে ব্যবহারিক শিক্ষার বিস্তার বৃত্তিমূলক কাজে তাদের দক্ষতা বৃদ্ধি এবং স্বনির্ভরতা অর্জনের জন্য প্রশিক্ষণ প্রদান ইত্যাদি প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।